

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৪৫.০০.০০০০.১৭৩.০০২.০১৮.১৭-২০২

তারিখ: ১৪.০৬.২০১৮ খ্রি:

বিষয়: "শহীদ এম মনসুর আলী মেডিকেল কলেজ ও ৫০০ শয্যার মেডিকেল কলেজ হাসপাতাল, সিরাজগঞ্জ স্থাপন" শীর্ষক প্রকল্পের আউট সোর্সিং পদ্ধতিতে নিয়োজিত জনবলের বেতন ভাতাদি পরিশোধ প্রসংগে।

সূত্র : শ.এম. এম.এ.মে.ক.হাস.প্র.সিরাজ/২০১৮/৪৫,

তারিখ : ১১.০৬.২০১৮খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন "শহীদ এম মনসুর আলী মেডিকেল কলেজ ও ৫০০ শয্যার মেডিকেল কলেজ হাসপাতাল, সিরাজগঞ্জ স্থাপন" (কোড নং-৫-২৭১১-৫০০৩) শীর্ষক প্রকল্পের অনুকূলে ২০১৭-১৮ অর্থবছরের আউট সোর্সিং পদ্ধতিতে কর্মরত ০১ (এক) জন ড্রাইভার ও ০১ (এক) জন অফিস সহায়ক এর বেতন ভাতাদি মানবিক দিক বিবেচনা করে ২০১৭-১৮ অর্থবছরের অনুমোদিত বিভাজনে ৪৬০১ কোডে (প্রতিষ্ঠানের কর্মচারীদের বেতন) ৩.৫০ লক্ষ এবং ৪৭১৩ কোডে (উৎসব ভাতা) ৩.৮৩ লক্ষ টাকা হতে পরিশোধপূর্বক উত্তোলিত বেতন ভাতা ২০১৮-১৯ অর্থ বছরে ৪৮৫১ কোডে সমন্বয়পূর্বক মন্ত্রণালয়কে অবগত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপ সচিব
ফোনঃ ৯৫৪৯৫৪০

প্রকল্প পরিচালক

"শহীদ এম মনসুর আলী মেডিকেল কলেজ

ও ৫০০ শয্যার মেডিকেল কলেজ হাসপাতাল, সিরাজগঞ্জ স্থাপন" শীর্ষক প্রকল্প
সিরাজগঞ্জ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
২. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কিশোরগঞ্জ (বেতন ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৩. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৪. যুগ্ম সচিব (প্রবা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।